



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘ইসলামি মূল্যবোধ সংরক্ষণে শেখ হাসিনা সরকারের ভূমিকা’ শীর্ষক সেমিনার



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগ ও ইসলামিক ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ‘ইসলামি মূল্যবোধ সংরক্ষণে শেখ হাসিনা সরকারের ভূমিকা’ শীর্ষক সেমিনার ১৮ ফেব্রুয়ারি-২০১৮, রবিবার, বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং প্রধান আলোচক হিসেবে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল বক্তব্য প্রদান করেন।

ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ-এর সভাপতিত্বে আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান ও ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আবদুল অদুদ। সেমিনার বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপন করেন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোস্তফা কামাল এবং স্বাগত বক্তব্য প্রদান করেন সহকারী অধ্যাপক ড. মোঃ ইব্রাহীম খলিল।

এছাড়াও বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক শেখ জয়নুল আবেদিন রাসেল বক্তব্য প্রদান করেন। এসময় ভাষা আন্দোলন এবং মহান মুক্তিযুদ্ধে বীর শহীদের আত্মার মাগফেতার এবং দেশ ও জাতির কল্যানার্থে বিশেষ মোনাজাত করা হয়। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।